রঘুনাথগঞ্জ শাখায়

মাত্র ৭৫৲ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম

ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের

বিশেষ কনশেসন

ধনরাজ পিপাড়া

রঘুনাথগঞ্জ (সদরঘাট), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৫ই পৌষ বুধবার, ১৩৭৩ ইং 21st. Dec 1966 | ২৭শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।




খাস জনতা

কেরোসিন কুকার

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

খেলা ঘর

স্কুল কলেজের নানাপ্রকার খেলাধুলার সরঞ্জাম, সর্ব্বপ্রকার প্রসাধন সামগ্রী ও চা বিস্কুট পাইবেন। পরীক্ষা প্রার্থনীয়।

কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর

রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ




স্কুল, কলেজ ও পাঠাগারের

মনের মত ভাল বই

সবচেয়ে সুবিধায় কিনুন।

STUDENTS' FAVOURITE

Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৫ই পৌষ বুধবার সন ১৩৭৩ সাল।

## ভগবানের সৃষ্টি ধ্বংসের পথে

—•—

হে ভগবান, আমরা চিরকাল ধরে শুনে আসছি যে আমরা তোমার হাতের পুতুল। তুমিই আমাদের সৃষ্টি করে এই পৃথিবীতে পাঠিয়েছ। তোমার অদৃশ্য শক্তিই আমাদের চালনা করে। তুমিই আমাদের ভাগ্যবিধাতা। যদিও আমরা তোমার হাতের পুতুল, যেমন ভাবে চালাও তেমনি ভাবে চলি, তবু তোমার চালনার মাঝে আছে সূক্ষ্ম বিচার।

কিন্তু এখন দেখছি আমরা ধরার মানুষরূপী দেবতাদের হাতের ক্রীড়নক হয়ে উঠেছি। আর তাঁরা আমাদের এমনভাবে নাচাতে সুরু করেছেন যে তার দাপটে আজ প্রতিটি নাগরিকের প্রতিটি পদক্ষেপ বিপদসঙ্কুল ও আশঙ্কাপূর্ণ। তাঁদের খেয়ালের খেলার যে কোথায় শেষ তা কে জানে। আর আমরাও যে কোথা থেকে কোথা স্থান পাব তাও বুঝে উঠতে পারছি না।

তাঁদের করুণাবারি আমাদের ওপর এমনভাবে বর্ষিত হচ্ছে যে আমরা তার ধাক্কা সামলাতে না পেরে সংসার দরিয়ায় হাবুডুবু খাচ্ছি। দেশে খাদ্য-দ্রব্য মজুত থাকা সত্ত্বেও সুষম-বণ্টনের অভাবে কেউ বেশী খেয়ে মরছে আর কেউ না খেতে পেয়ে মরছে। এমনই দেশের বণ্টন ব্যবস্থা।

কেউ ভালমানুষীর সুযোগ নিয়ে এই রাম রাজত্বে অবাধে কালোবাজারী করে টাকার হুণ্ডির ওপর বনিয়াদ গড়ে তুলে সুখে দিন কাটাচ্ছে। আর কেউ নিজের জাতিগত পেশাকে হারিয়ে বেকারত্ব লাভ করে মরণকে বরণ করে নিচ্ছে। এই কি স্বাধীন দেশের নাগরিকের যোগ্য ব্যবস্থা?

ন্যায্য কথাটা বোধ হয় এবার অভিধান থেকে উঠে গেল আর তার পরিবর্ত্তে দেখা দিল অন্যায় আর জুলুম, যা মানুষকে ব্যতিব্যস্ত করে তুলেছে। জানি না কার অভিশাপ আজ আমাদের জীবনকে এমনভাবে বিষময় করে তুলেছে। আজ আমাদের সকল আবেদন নিবেদন ব্যর্থ হতে বসেছে, কেউ আমাদের দুঃখকে অনুভব করতে পারছে না। কোন যুক্তি তর্ক আজ তাঁদেরকে টলাতে পারছে না। তাঁরা দুর্য্যোধনের মতই অচল অটল। কে শোনাবে তাঁদেরকে হিতবাণী? কার এত স্পর্দ্ধা? তাই যত কিছু অন্যায় অত্যাচার জুলুমবাজি আমাদের ষ্টিম রোলারের মত পিষ্ট করুক না কেন তা আমাদের নির্ব্বিবাদে ও নিবিচারে মাথা পেতে সইতেই হবে, যদি মাথা নাড়া দিয়ে প্রতিবাদ করি—অমনি আইনের উদ্যত অস্ত্র আমাদের শাসাতে থাকে রক্তচক্ষু দেখায়। এই তো গেল আমাদের বর্ত্তমান অবস্থা।

প্রভু, শুনি তুমি অনাথের নাথ, দুর্গতদের ত্রাণ-কর্ত্তা, অসহায়ের সহায় তাই তো তোমার শরণাপন্ন হচ্ছি। তুমি আমাদের দুঃখ দুর্দ্দশার অবসান ঘটিয়ে পুনঃ শান্তি, শৃঙ্খলা, ন্যায়, ধর্মের প্রবর্ত্তন করে তোমার সৃষ্টির তাৎপর্য্য ও মাধুর্য্যকে বজায় রাখো। নতুবা তোমার সৃষ্টির ধ্বংস অনিবার্য।

---

## প্রাথমিক পরীক্ষায় বৃত্তি লাভ

১৯৬৫ সালের ২৯শে ও ৩০শে নভেম্বর এবং ১লা ডিসেম্বর মুর্শিদাবাদ জেলার বিভিন্ন কেন্দ্রে প্রাথমিক শেষ পরীক্ষা গৃহীত হয়। উক্ত পরীক্ষায় জঙ্গিপুর মহকুমা হইতে ২টী বালক ও ২টী বালিকা মাসিক তিন টাকা হিসাবে বৃত্তি লাভ করিয়াছে। নিম্নে উঁহাদের নাম মুদ্রিত হইল।

শ্রীনরেশচন্দ্র সরকার—খোদাবন্দপুর
শ্রীস্বপনকুমার মণ্ডল—সের
কুমারী কেয়া মজুমদার—রঘুনাথগঞ্জ গার্লস প্রাইমারী
কুমারী শিখারাণী দাস—উজ্জ্বলনগর

---

## মুর্শিদাবাদ জেলায় জাতীয় ধান্য সপ্তাহ পালন

গত ১৭ই ডিসেম্বর ১৯৬৬ বিকেল ৩টার সময় মুর্শিদাবাদের জেলা শাসক শ্রীবিশ্বরূপ মুখোপাধ্যায় মহাশয় কান্দি ব্লকের সরকারী বীজ খামারে জাতীয় ধান্য সপ্তাহ পালন উপলক্ষে সভাপতিত্ব করেন। উক্ত অনুষ্ঠানে মুর্শিদাবাদ জেলার মুখ্য কৃষি আধিকারিক শ্রীবিধুভূষণ ব্যানার্জ্জী, জেলা কৃষিবিদ-গণ, ব্লক উন্নয়ন আধিকারিক, কৃষি সম্প্রসারণ আধিকারিকগণ এবং কান্দি মহকুমার উৎসাহী চাষীবৃন্দ এই অনুষ্ঠানে যোগদান করেন। সভায় মুখ্য কৃষি আধিকারিক মহাশয় জাতীয় ধান্য সপ্তাহ পালনের উদ্দেশ্য সম্বন্ধে বর্ণনা করেন। উৎসাহী চাষীবৃন্দের মধ্যে শ্রীগোলবদন ত্রিবেদী মহাশয় এই উপলক্ষে কান্দি মহকুমায় উচ্চ ফলনশীল ধান্য চাষের সাফল্য সম্বন্ধে বর্ণনা করেন, এবং এই বৎসর ঐ জাতীয় ধান চাষে অত্র এলাকার চাষীদের মধ্যে উৎসাহের সঞ্চার করেছে বলে উল্লেখ করেন।

কান্দি ব্লকের তরফ থেকে একটি ক্ষুদ্র কৃষি প্রদর্শনীর ব্যবস্থা করা হয় এবং উঁহাতে উচ্চ ফলনশীল ধানের গাছসহ বীজের নমুনা, উন্নত কৃষি যন্ত্রপাতি চাষীদের মধ্যে দেখানো হয়।

জেলা শাসক মহোদয় উচ্চ ফলনশীল ধান চাষ এবং তার পরিপ্রেক্ষিতে দেশের চালের ঘাটতি পূরণ হতে পারে বলে আশা পোষণ করেন।

সাতদিন ব্যাপী এই সপ্তাহে জেলা কৃষি অধিকরণ কান্দি বীজ খামারে কৃষি সম্বন্ধীয় নানারকম আলোচনা চক্রের বন্দোবস্ত করিয়াছেন। এই উপলক্ষে গত ১৯শে ডিসেম্বর জেলা তথ্য বিভাগ কৃষি সম্বন্ধীয় চলচ্চিত্র প্রদর্শনের ব্যবস্থা করেন।

---

## বাড়ী বিক্রয়

জঙ্গীপুর বাবুবাজারে ৺পুলিন সাহার বসত বাড়ীর সম্মুখে দোতলা পাকা বাড়ী বিক্রয় আছে। আমার সঙ্গে যোগাযোগ করুন।

শ্রীগণেশচন্দ্র চট্টোপাধ্যায়, এ্যাডভোকেট
পোঃ জঙ্গীপুর (মুর্শিদাবাদ)

## আমাদের নিবেদন

আমরা শারদীয়া মহাপূজার অবকাশ লই নাই। গত ৭ই অগ্রহায়ণ হইতে ২৮শে অগ্রহায়ণ, ১৩৭৩ পর্য্যন্ত চারি সংখ্যা অবকাশ গ্রহণ করিলাম।

সম্পাদক, "জঙ্গিপুর সংবাদ"

## প্রাপ্ত

মাননীয়
'জংগিপুর সংবাদ' সম্পাদক মহাশয় সমীপেষু।

মহাশয়, আপনার উপরি উক্ত পত্রিকায় গত ৩০শে কার্তিক বুধবার, ১৩৭৩, ২৬শ সংখ্যায় প্রকাশিত 'রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয় সম্বন্ধে' শীর্ষক সংবাদে যে তথ্য পরিবেশিত হইয়াছে তাহার উত্তরে জানাইতেছি যে গত ১৬।১১।৬৬ তারিখে একাদশ শ্রেণীতে দ্বিতীয় ঘণ্টায় যথারীতি পড়ান হইয়াছিল এবং তৃতীয় ঘণ্টায় শিক্ষাদান কার্য্য যথারীতি নির্বাহিত হইয়াছিল। সহকারী প্রধান শিক্ষক উপবাস থাকা সত্ত্বেও নবম শ্রেণীর বিজ্ঞান বিভাগে তৃতীয় ঘণ্টায় শিক্ষাদান করিয়াছিলেন এবং চতুর্থ ঘণ্টায় তিনি যথারীতি শিক্ষকতা কার্য্য সম্পাদন করেন।

ভবদীয়,
শ্রীজগবন্ধু বিশ্বাস ২২-১১-৬৫
Headmaster
Raghunathganj H. S. &
Multipurpose School.

(আমাদের কাগজে একাদশ শ্রেণী সম্বন্ধে অভিযোগ করা হইয়াছিল। নবম শ্রেণীর কোন উল্লেখ নাই। আপনি যাহা পাঠিয়েছেন ওটা 'নিউজ' নহে উহা প্রতিবাদ। একাদশ শ্রেণীতে ২য় ঘণ্টায় ঘণ্টা শেষ হওয়ার মাত্র দশ মিনিট পূর্ব্বে একজন শিক্ষক গিয়াছিলেন।

সর্ব্বাঙ্গে ব্যথা—প্রলেপ দিবেন কোথা?)

## বিশিষ্ট শিক্ষাবিদের মৃত্যু

আনন্দমোহন কলেজের অধ্যক্ষ বিশিষ্ট সাংবাদিক ও শিক্ষাবিদ 'যুগবাণী' সম্পাদক দেবজ্যোতি বর্ম্মণ মহাশয় পরলোকগমন করিয়াছেন। তিনি ময়মনসিংহ জেলায় জন্মগ্রহণ করেন। তাঁর ছাত্রজীবন কাটে শ্রীহট্টে। তিনি এগারটা বিষয়ে এম-এ পাশ করেন। দেড় মাস পূর্ব্বে তাঁর কনিষ্ঠ ভ্রাতা নবজ্যোতি বর্ম্মণ কাশীতে মারা গিয়াছেন।

## NOTICE

IN THE MATTER OF
Mirzapur Resham Silpa
Samabaya Sangha Limited
P. O. Gankar, Dt. Murshidabad.
And
Bengal Co-operative Societies Act, 1940

Notice is hereby given that the Statutory Audit of the abovenamed Co-operative Society for the year ended 30th June, 1966 (Co-operative Year 1965-66) has been taken up by the undersigned. All members, non-members, depositors, debtors, creditors and others having transaction with the Society are requested to have their respective balances as on 30th June, 1966, verified with the books of the Society during usual office hours within two weeks from the date of this Notice, at the Registered Office of the Society direct.

Unless parties concerned notify the undersigned in writing, discrepancies, if any, found by them, balances as shown in the books of the Society on 30th June, 1966, will be taken as correct.

K. G. Banerji & Co.
Chartered Accountants.
Authorised Audit Officers.
Dated, 15. 12. 66.

## বিজ্ঞপ্তি

আমি গত ২৫-৫-৬৩ তারিখে শ্রীযামিনীমোহন দাস, শ্রীশশাঙ্কশেখর দাস ও শ্রীপঙ্কজকুমার দাসের অনুকূলে একখানি আমমোক্তারনামা সম্পাদন করিয়াছি। ঐ আমমোক্তারনামাখানি হারাইয়া যাওয়ায় আমি উহা বাতিল করিলাম। আমমোক্তারগণ ঐ আমমোক্তারনামা বলে কোন কার্য্য করিতে পারিবে না, করিলে আমি বাধ্য হইব না। পুনরায় শ্রীযামিনীমোহন দাস ও শ্রীপঙ্কজকুমার দাসকে আমমোক্তার নিযুক্ত করিয়া আমমোক্তারনামা সম্পাদন করিলাম। ইতি—

শ্রীভবেশচন্দ্র দাস
সাং পারুলিয়া, থানা সুতী (মুর্শিদাবাদ)

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট জনগণকে জানান যাইতেছে যে আমি বাহাদুরপুর তন্তুবায় সমবায় সমিতি লিমিটেডের ১-৭-৬৫ তারিখ হইতে ৩০-৬-৬৬ তারিখ পর্য্যন্ত হিসাব পরীক্ষা (Statutory audit) আরম্ভ করিতেছি। উক্ত সমিতির সহিত সংশ্লিষ্ট পাওনাদার এবং/অথবা দেনদারগণকে তাঁহাদের উক্ত তারিখ পর্য্যন্ত দেনা এবং/অথবা পাওনা টাকার হিসাব যাচাই করিয়া লইতে অনুরোধ করিতেছি। হিসাবে কোন প্রকার গরমিল দেখা গেলে নিম্নস্বাক্ষরকারীর নিকট নিজ নিজ পাশবহি সহ ২৮-১২-৬৬ কিংবা ২৯-১২-৬৬ তারিখে সকাল ১০ ঘটিকা হইতে বৈকাল ৩ ঘটিকার মধ্যে সমিতির অফিসে উপস্থিত হইয়া হিসাব মিলাইয়া লইবার জন্য অনুরোধ করা হইতেছে। ২৯-১২-৬৬ তারিখ মধ্যে কোন প্রকার আপত্তি না উঠিলে, সমিতি প্রদত্ত হিসাব সঠিক বলিয়া গণ্য করা হইবে। ইতি—১৩-১২-৬৬

আবুল কাসেম খাঁ
সুতি ১নং ব্লকের সমবায়
সমিতি সমূহের পরিদর্শক।

## বিজ্ঞাপন

রঘুনাথগঞ্জ হইতে ৪/৫ মাইলের মধ্যে জাতীয় সড়কের পার্শ্বে উচিত মূল্যে উৎকৃষ্ট ধানী জমি বিক্রয় হইবে। রঘুনাথগঞ্জ সিনেমা হাউসের পার্শ্বে শ্রীবীরেন্দ্র রায়ের সহিত কাঠের কারখানায় যোগাযোগ করুন।

জমির পরিচয়--

থানা সাগরদীঘি মৌজা অনুপপুর তৌজি নং ৭১ খতিয়ান নং ২৩/১৩ দাগ নং ১১৭ জমি ৬৪ শতক, দাগ নং ১১৮ জমি ৬৬ শতক, দাগ নং ১০৯ জমি ১১ শতক, দাগ নং ১০৭ জমি ৭৩ শতক, দাগ নং ১২৯ জমি ৩১ শতক, দাগ নং ১৪৪ জমি ২০ শতক, দাগ নং ১৫৪ জমি ১'০০ এক একর, দাগ নং ১৭৪ জমি ৫৩ শতক।

থানা রঘুনাথগঞ্জ মৌজা বিজয়পুর তৌজি নং ২৬ খতিয়ান নং ১৫৭ দাগ নং ২৬৩৯ জমি ৮৫ শতক।





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি. কে. সেনের

**আমলা** কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**
**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

**সব রকমের মোটর গাড়ীর স্পেয়ার পার্টস পেতে হলে একবার জঙ্গীপুর রোড বার্মা শেল পেট্রোল পাম্প সন্নিকটবর্ত্তী**

চৌধুরী মোটরস্-এ

আসুন।

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

**পামারি**

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)